



মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট-৯৩৫১
টেলিফোন : ০৪৬৬২-৭৫৩৪৫
ফ্যাক্স: ০৪৬৬২-৭৫২২৪
ই-মেইল : da@mpa.gov.bd
ওয়েব সাইট : www.mpa.gov.bd

নং-১৮.১৪.০১৫৮.০১২৪.৩৬.০৫২.২০১৮-৬২৬০৫ মার্চ ২০১৮ খ্রিঃ।

বিষয় : মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ।

সূত্র : নৌপরিবহন মন্ত্রণালয়ের পত্র নং-১৮.০০.০০০০.০১৬.০৬.০০১.১৫(অংশ-১)-১৬১৯, তারিখ : ০৮/০৮/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত নম্বর এর ৮.২ এবং ৮.৩ এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ফেব্রুয়ারি-২০১৮ অত্রসাথ প্রেরণ করা হলো।

জারীকৃত পত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক।

স্বাক্ষরিত/ ০৫-০৩-১৮

পরিচালক (প্রশাসন)

সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়
গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

অনুলিপি :

যুগ্ম সচিব (মোংলা বন্দর শাখা)
নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি।

ক্রমিক নং	সিদ্ধান্ত নং	মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১.	৮.২	গত ১৪ ফেব্রুয়ারী ২০১৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে সামরিক শাসনামলে জারিকৃত অধ্যাদেশসমূহের আবশ্যিকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া যে-সকল অধ্যাদেশ আবশ্যিক বিবেচিত হইবে সেইগুলি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রয়োজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে নতুন আইন আকারে বাংলা ভাষায় প্রণয়ন করিয়া যথাশ্রীঘ্ন সম্ভব মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন করিবার যেই সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছিল তৎপ্রেক্ষিতে যে-সকল মন্ত্রণালয়/বিভাগ অনুরূপ অধ্যাদেশ অদ্যাবধি অনিষ্পত্তিকৃত রহিয়াছে সেইগুলির বিষয়ে সংশ্লিষ্ট সচিবগণ আগামী পাঁচ মাসের মধ্যে দ্রুত পদক্ষেপ গ্রহণপূর্বক নিষ্পত্তি করিবেন।	মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুযায়ী চবক এর সাথে সামঞ্জস্যেরেখে মবকআইন-২০১৭এর খসড়া প্রণয়ন করা হয়। আইনটি গত০৬-০৮-২০১৭ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।মোংলা বন্দর কর্তৃপক্ষ আইন-২০১৭ খসড়াটি মন্ত্রিসভা বৈঠকে অনুমোদনের জন্য উপস্থাপনের পূর্বে উহার ভাষাগত উৎকর্ষ সাধন, বিষয়গত যথার্থতা এবং সংশ্লিষ্ট অপরাপর আইনের সাথে সামঞ্জস্য ও সংগতি বিধানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটিতে নীতিগত অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগে গত ৩১/০১/২০১৮ তারিখে প্রেরণ করা হয়েছে।
২.	৮.৩	মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ দাপ্তরিক কাজে বাংলা ভাষায় কম্পিউটার মুদ্রণের ক্ষেত্রে সমরূপতা নিশ্চিত করনের লক্ষ্যে বাংলা ইউনিকোড ব্যবহার করিবার সরকারি নির্দেশনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিবেন।	দাপ্তরিক কাজে বাংলা ভাষায় কম্পিউটার মুদ্রণের ক্ষেত্রে সমরূপতা নিশ্চিত করনের লক্ষ্যে বাংলা ইউনিকোড ব্যবহার করার সরকারি নির্দেশনা বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

স্বাক্ষরিত/ ০৫-০৩-১৮
পরিচালক (প্রশাসন)